তারিখ ... 04 OCT 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 8 ...

যুগান্তর

# জবির 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

**জবি প্রতিনিধি**

জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের অনার্স (সম্মান) প্রথমবর্ষের 'সি' ইউনিটের (ব্যবসায় শিক্ষা অনুষদ) ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে।

এবার 'সি' ইউনিটের ৫৬০টি আসনের (বাণিজ্য-৪৯০ ও অন্যান্য-৭০) বিপরীতে ৯৫০ জন (বাণিজ্য-৭৯২ ও অন্যান্য-১৫৮ জন) পরীক্ষার্থী প্রাথমিকভাবে ভর্তির ন্যূনতম যোগ্যতা অর্জন করেছে। সোমবার বিশ্ববিদ্যালয়ে জনসংযোগ, দফতরের এক প্রেস বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ে ব্যবসায় শিক্ষা অনুষদের অধীনে ২৭ হাজার ৮২৫ জন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষার জন্য আবেদন করে এ ইউনিটের প্রতি আসনের বিপরীতে প্রায় ৫০ জন শিক্ষার্থী ভর্তি যুদ্ধে অংশ নেয়। ভর্তি পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং www.jnu.ac.bd বা www.result.jnu.ac.bd-এ ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।